দৈনিক বাংলা

তারিখ 07 MAR 1993
পৃষ্ঠা ৩ কলাম ৭

# পাবনায় প্রাইমারী শিক্ষা ঃ ভর্তির পর ৬০ ভাগ শিশু স্কুল ছেড়ে দেয়

সংবাদদাতা ঃ ঈশ্বরদী, ৬ মার্চ।—সকলের জন্য প্রাথমিক শিক্ষা ব্যবস্থা চালু করা হলেও পাবনা জেলার লক্ষাধিক শিশু প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত রয়েছে। এছাড়া বিদ্যালয়ে ভর্তির পর শতকরা ৬০ ভাগ শিশু স্কুল ছেড়ে দেয়।

প্রাথমিক শিক্ষা লাভের যোগ্য শিশুর সংখ্যা পাবনা জেলাতে রয়েছে ৪ লাখ ৪৩ হাজার ২শ ৩২ জন। এর মধ্যে বিদ্যালয়ে যায় ৩ লাখ ৩৬ হাজার ৯১ জন। বাকি ১ লাখ ৭ হাজার ১শ ৪১টি শিশু বিদ্যালয়ে যাবার সুযোগ থেকে বঞ্চিত রয়েছে। এক হিসাবে জানা গেছে এ সংখ্যা দেড় লাখ ছাড়িয়ে যেতে পারে।

এক পরিসংখ্যানে জানা গেছে, পাবনা জেলার চাটমোহর, ভাঙ্গরা, ফরিদপুর, বেড়া, সাঁথিয়া ও সুজানগর থানার প্রত্যন্ত গ্রামাঞ্চলের বিদ্যালয়গুলোতে জানুয়ারী মাসে যে পরিমাণ শিশু ভর্তি হয়েছে ফেব্রুয়ারী মাস যেতে না যেতে তার মাত্র ৪০ ভাগ ছাত্রছাত্রী নিয়মিত ক্লাস করছে।

এক অনুসন্ধানে জানা গেছে, জানুয়ারী মাসে ভর্তি হওয়া ৬০ শতাংশ শিশু নতুন বই নিয়ে দিন কতেক নাড়াচাড়া করে স্কুলে আসা—যাওয়া করে। কিন্তু মাস গড়াতে না গড়াতেই দারিদ্র্য সচেতনতার অভাব এবং পিতা—মাতার অনুৎসাহের কারণে কোমলমতি শিশুরা বিদ্যালয়ে আসছে না।

দরিদ্র, পরিবারের সন্তানেরা পিতার কাজে সহযোগিতা করে। কৃষক ও তাঁতী পরিবারের শিশুরা পিতা—মাতাকে তাদের কাজে সাহায্য করছে। ক্ষুধা দারিদ্র্য নিয়ে শিশুরা স্কুলে যেতে পারে না। এতে একদিকে ব্যাহত হচ্ছে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যবস্থা অপরদিকে নিরক্ষরতা বৃদ্ধি পাচ্ছে।